গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান<br>যুগ্মসচিব (সিপি অধিশাখা) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ০১ জুন, ২০২৩ |
| সভার সময় | ২.৩০ ঘটিকা। |
| স্থান | যুগ্মসচিব (সিপি), মহোদয়ের অফিস কক্ষ [ভবন নং-৭, কক্ষ নং-০৪] জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের কার্যপরিধি কমিটির সকল সদস্যকে অভিহিত করেন। তিনি সভাকে জানান যে, গত ৩০-০৮-২০২২ তারিখে অনুষ্ঠিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত ৩.১ এর "খ" ও "গ" জনপ্রশাসন মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসারের কার্যাবলির সাথে সম্পর্কিত। ইনোভেশন সংক্রান্ত সিদ্ধান্তসমূহ হচ্ছে, "ইনোভেশন ব্যাংক করতে হবে। আইডিয়াগুলোকে ওয়েবসাইটে প্রদর্শনের প্রস্তাব করে ভার্চুয়ালি ইনোভেশন সংরক্ষণ করতে হবে" এবং "বাছাই করা ইনোভেশন, যেগুলো জনপ্রশাসন পদক পেয়েছে সেগুলো নিয়ে শোকেজিং- এর ব্যবস্থা করতে হবে এবং সবার প্রদর্শনীর জন্য ইনোভেশন মিউজিয়াম করতে হবে"। ইনোভেশন ব্যাংক, ইনোভেশন শোকেজিং এবং ইনোভেশন মিউজিয়াম তৈরির কার্যক্রম বাস্তবায়ন করতে ইনোভেশন টিমের সদস্যদের মতামত এবং সহযোগিতা প্রয়োজন।

ইনোভেশন টিমের সদস্য সচিব ও উপসচিব, সিপি-৩ শাখা বলেন যে, ২৮ আগস্ট, ২০২২ তারিখ ইনোভেশন টিমের একটি সভা হয়েছিল। উক্ত সভায় নিম্নলিখিত চারটি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল:

ক) উদ্ভাবনী ধারণা নির্বাচনের লক্ষ্যে সকল অনুবিভাগে পত্র দিতে হবে। প্রস্তাব প্রাপ্তির পরিপ্রেক্ষিতে প্রস্তাব-উপস্থাপনকারী কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে কর্মশালা আয়োজনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করে ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

খ) সকল অনুবিভাগে পত্র প্রেরণের মাধ্যমে সুনির্দিষ্ট ছক মোতাবেক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার তথ্য আগামী ০৮ সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে সংগ্রহ করে ডেটাবেজ প্রস্তুত করতে হবে।

গ) ইতোমধ্যে জনপ্রশাসন পদকপ্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ এবং অত্র মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সমূহের তথ্য সন্নিবেশিত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পৃথক একটি ইনোভেশন ব্যাংক তৈরী করতে হবে ও ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।

ঘ) বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগসমূহ জুম প্লাটফর্মে সকল জেলা প্রশাসক অথবা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে উপস্থাপন করে সম্ভাব্যতা বিবেচনা করে পাইলটিং এর ব্যবস্থা করতে হবে।

২)  বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি নিয়ে সভায় আলোচনা হয়। প্রথম সিদ্ধান্তের বিষয়ে ইনোভেশন টিমের সদস্য সচিব ও উপসচিব, সিপি-৩ শাখা বলেন যে, উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল অনুবিভাগকে পত্র দেওয়া হয়েছে। কোন অনুবিভাগ হতে সন্তোষজনক উদ্ভাবনী ধারণা পাওয়া যায়নি। দ্বিতীয় সিদ্ধান্তটি ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। তৃতীয় ও চতুর্থ সিদ্ধান্তের বিষয়টি আজকের সভার পরবর্তী আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত আছে।

৩)  ইনোভেশন ব্যাংক বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন যে, ২০২২ সালে যে সকল উদ্যোগ বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক পেয়েছে এবং ২০২২ সালে যে সকল উদ্ভাবনী উদ্যোগ বিভাগীয় ইনোভেশন মেলায় প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেছে সে সকল উদ্যোগের বিস্তারিত বিবরণ প্রস্তুত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে।

৪)  ইনোভেশন শোকেজিং-এর বিষয়ে আলোচনা হয় যে, ২০২২ সালে যে সকল উদ্ভাবনী উদ্যোগ বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক পেয়েছে সে সকল উদ্যোগ অন্যদের মাঝে প্রচার করার লক্ষ্যে ভার্চুয়ালি শোকেজিং আয়োজন করা যেতে পারে। পদকপ্রাপ্ত উদ্যোগগুলির মধ্য হতে কুমিল্লা জেলার অবদান 'চতুর্থ শিল্প বিপ্লবের সক্ষমতা অর্জন: কুমিল্লায় রোবটিক্স ও প্রোগ্রামিং', বাগেরহাট জেলার অবদান 'আলোকিত ও মানবিক মোল্লাহাট বিনির্মাণ' এবং নেত্রকোনা জেলার অবদান 'হাওড়ে পতিত জমিতে কৃষি সংস্কৃতির নতুন চেতনা' এ তিনিটি উদ্যোগের বিষয়ে সারা দেশের জেলা প্রশাসকদের সঙ্গে জুম প্ল্যাটফরমে শো-কেজিং আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।

৫)  ইনোভেশন মিউজিয়াম-এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত সদস্যগণ অভিমত ব্যক্ত করেন যে, ২০২২ সালে যে সকল উদ্ভাবনী উদ্যোগ বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক পেয়েছে সে সকল উদ্যোগের বিবরণ-সংবলিত ভিডিওগুলো জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে। তবে, এর টেকনিক্যাল বিষয়গুলো পিএসিসি এর সাথে আলোচনা করে নির্ধারণ করা যেতে পারে।

সিদ্ধান্ত:

১) ২০২২ সালে যে সকল উদ্ভাবনী উদ্যোগ বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক পেয়েছে এবং ২০২২ সালে বিভাগীয় ইনোভেশন মেলায় ১ম ও ২য় স্থান পেয়েছে সে সকল উদ্যোগ নিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ইনোভেশন ব্যাংক নামে মেনু/সাবমেনু সৃজন করে আপলোড করতে হবে।

২) যে সকল উদ্ভাবনী ধারণা ২০২২ সালে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক পেয়েছে সেগুলোর মধ্য হতে কুমিল্লা জেলা প্রশাসক ও তাঁর দলের 'চতুর্থ শিল্প বিপ্লবের সক্ষমতা অর্জন: কুমিল্লায় রোবটিক্স ও প্রোগ্রামিং', বাগেরহাট জেলা প্রশাসক ও তাঁর দলের 'আলোকিত ও মানবিক মোল্লাহাট বিনির্মাণ' এবং নেত্রকোনা জেলা প্রশাসক ও তাঁর দলের 'হাওড়ে পতিত জমিতে কৃষি সংস্কৃতির নতুন চেতনা' - এ তিনটি উদ্যোগকে নিয়ে সকল জেলা প্রশাসকদের সঙ্গে জুম প্ল্যাটফরমে ইনোভেশন শোকেজিং আয়োজন করতে হবে।

৩) ২০২২ সালে যে সকল উদ্যোগ বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক পেয়েছে সে গুলির বিবরণ-সংবলিত ভিডিওসমূহ দিয়ে ইনোভেশন মিউজিয়াম প্রস্তুত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। এ ক্ষেত্রে পিএসিসি-এর কারিগরি সহায়তা গ্রহণ করা হবে।

৬।  সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান
যুগ্মসচিব (সিপি অধিশাখা) ও চিফ ইনোভেশন
অফিসার

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০১.০০৩.২২.৭৯

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০
০৭ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব , শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
২) উপসচিব , প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৫) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৬) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৭) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৮) সিনিয়র সহকারী সচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১০) ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব, সিপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোহাম্মদ শওকত আলী
উপসচিব